

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ২১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৭ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/২১ মে ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৭.১৫৪—জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির মহাপরিচালক জনাব মো. ফজলুর রহমান গত ১৩ মে ২০১৭ তারিখে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় চট্টগ্রামে ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর।

২। জনাব মো. ফজলুর রহমানের অকাল মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০১ জ্যৈষ্ঠ ১৪২৪/১৫ মে ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ৪৮৯৩ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

০১ জ্যৈষ্ঠ ১৪২৪  
ঢাকা: ১৫ মে ২০১৭

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির মহাপরিচালক জনাব মো. ফজলুর রহমান গত ১৩ মে ২০১৭ তারিখে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় চট্টগ্রামে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর।

জনাব মো. ফজলুর রহমান ১৬ অক্টোবর ১৯৫৮ তারিখে ময়মনসিংহ শহরে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ১৬ জুন ১৯৮৩ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে ১৯৮২ (স্পেশাল) ব্যাচের একজন সদস্য হিসাবে তাঁর কর্মজীবন শুরু করেন। বর্ণাঢ্য চাকুরিজীবনে স্বীয় যোগ্যতা ও প্রজ্ঞা দিয়ে জনাব মো. ফজলুর রহমান উপজেলা ম্যাজিস্ট্রেট; থানা নির্বাহী অফিসার; অতিরিক্ত জেলা প্রশাসক; মেরিন সেফটি অফিসার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট; উপ-সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; ডিআইজি (প্রিজন্স); যুগ্মসচিবসহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে আন্তরিকতা, নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সর্বশেষ তিনি জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির মহাপরিচালক হিসাবে কর্মরত অবস্থায় দাপ্তরিক দায়িত্বপালনে খাগড়াছড়ি যাওয়ার পথে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হন।

মন্ত্রিসভা জনাব মো. ফজলুর রহমানের অকাল মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd